# Prime Minister, Shri Narendra Modi holds talk with President of the European Commission, Ursula Von der Leyen in New Delhi

April 25, 2022

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লিতে ইউরোপীয় কমিশনের সভাপতি উরসুলা ভন ডের লেয়েনের সঙ্গে বৈঠক করেছেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ইউরোপীয় কমিশনের সভাপতি মিঃ উরসুলা ভন ডের লেয়েনকে স্বাগত জানিয়েছেন। এবছর রাইসিনা আলাপচারিতায় উদ্বোধনী ভাষণে সম্মতি দেওয়ার জন্য প্রধানমন্ত্রী ইউরোপীয় কমিশনের সভাপতিকে ধন্যবাদ জানান। এসম্পর্কে শ্রী মোদী বলেন, তাঁর ভাষণ শোনার জন্য তিনি অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

দুই নেতাই সম্মত হন যে, বৃহৎ ও প্রাণবন্ত গণতান্ত্রিক সমাজ হিসেবে ভারত ও ইউরোপ বিভিন্ন আন্তর্জাতিক বিষয়ে অভিন্ন মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গী প্রকাশ করে।

অবাধ বাণিজ্য চুক্তি এবং বিনিয়োগ চুক্তি নিয়ে শীঘ্রই শুরু হতে চলা বোঝাপড়া সহ ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে কৌশলগত অংশীদারিত্বে অগ্রগতির দিকগুলিও তাঁরা পর্যালোচনা করেন। বৈঠকে স্থির হয় যে, ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে সম্পর্কের সমস্ত দিক নিয়ে রাজনৈতিক স্তরে তদারকি করতে এবং পারস্পরিক সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে সমন্বয় গড়ে তুলতে একটি উচ্চ পর্যায়ের বাণিজ্য ও প্রযুক্তি কমিশন গঠন করা হবে।

দুই নেতাই জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিভিন্ন বিষয় সহ গ্রীণ হাইড্রোজনের মত ক্ষেত্রে ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে সহযোগিতার সম্ভাবনা খুঁজে বের করার দিকগুলি নিয়েও বিশদে আলোচনা করেন। কোভিড-১৯-এর ধারাবাহিক চ্যালেঞ্জ এবং সারা বিশ্বে সমস্ত জায়গায় টিকা তথা চিকিৎসা বিজ্ঞানের সুযোগ-সুবিধা সমান ভাবে পৌঁছে দেওয়া নিশ্চিত করার ব্যাপারেও দুই নেতা আলোচনা করেন।

এছাড়াও দুই নেতার মধ্যে বর্তমান ইউক্রেন পরিস্থিতি এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বিভিন্ন ঘটনাবলী সহ সমসাময়িক গুরুত্বপূর্ণ একাধিক ভূ-রাজনৈতিক বিষয় নিয়েও আলোচনা হয়।

নিউ দিল্লি

মে 25, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.